# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মাঝে মাঝে কুরআন খতম করার চেষ্টা করুন

আপনার সময় ও সামর্থ্য অনুযায়ী মাসে এক থেকে দশবার কুরআন খতম করুন। তিন দিনের কম সময়ে খতম করার চেষ্টা করবেন না। কারণ মহানবী (ﷺ) বলেন,

لا يَفْقَه مَنْ قرأه في أقلَّ من ثلاث

“সে ব্যক্তি কুরআন বুঝে না, যে তিন দিনের কম সময়ে তা খতম করে।”[1]

প্রকাশ থাকে যে, কুরআন খতম করার পর ফিরিয়ে সূরা ফাতিহা ও বাক্বারার পাঁচটি আয়াত পড়া বিদআত।[2]

ফুটনোট

[1]. আবূ দাঊদ হা/১৩৯৪, তিরমিযী, ইবনে মাজাহ প্রমুখ, সহীহুল জা’মে হা/৭৭৪৩

[2]. বিদাউল ক্বুর্রা’ ২৬পৃঃ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7920

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন